# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১০৭১

৮/ সিয়াম

পরিচ্ছেদঃ সহবাসে সিয়াম নষ্ট করার কাফ্ফারা

আরবী

عَنْ أَبِى هُرَيْرَةَ رَضِىَ اللهُ عَنْه قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِىِّ ﷺ فَقَالَ هَلَكْتُ يَا رَسُولَ اللهِ قَالَ وَمَا أَهْلَكَكَ قَالَ وَقَعْتُ عَلَى امْرَأَتِى فِى رَمَضَانَ قَالَ هَلْ تَجِدُ مَا تُعْتِقُ رَقَبَةً قَالَ لاَ قَالَ فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تَصُومَ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ قَالَ لاَ قَالَ فَهَلْ تَجِدُ مَا تُطْعِمُ سِتِّينَ مِسْكِينًا قَالَ لاَ قَالَ ثُمَّ جَلَسَ فَأُتِىَ النَّبِىُّ ﷺ بِعَرَقٍ فِيهِ تَمْرٌ فَقَالَ تَصَدَّقْ بِهَذَا قَالَ أَفْقَرَ مِنَّا فَمَا بَيْنَ لاَبَتَيْهَا أَهْلُ بَيْتٍ أَحْوَجُ إِلَيْهِ مِنَّا فَضَحِكَ النَّبِىُّ ﷺ حَتَّى بَدَتْ أَنْيَابُهُ ثُمَّ قَالَ اذْهَبْ فَأَطْعِمْهُ أَهْلَكَ

বাংলা

(১০৭১) আবূ হুরাইরা (রাঃ) বলেন, একদা আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বসে ছিলাম। এমন সময় তাঁর নিকট এক ব্যক্তি উপস্থিত হয়ে বলল, হে আল্লাহর রসূল! আমি ধ্বংসগ্রস্ত হয়ে পড়েছি। তিনি বললেন, কোন্ জিনিস তোমাকে ধ্বংসগ্রস্ত ক'রে ফেলল? লোকটি বলল, আমি সিয়াম অবস্থায় আমার স্ত্রীর সাথে সঙ্গম ক'রে ফেলেছি। এ কথা শুনে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তুমি কি একটি ক্রীতদাস মুক্ত করতে পারবে? লোকটি বলল, জী না। তিনি বললেন, তাহলে কি তুমি একটানা দুই মাস সিয়াম রাখতে পারবে? সে বলল, জী না। তিনি বললেন, তাহলে কি তুমি ষাট জন মিসকীনকে খাদ্যদান করতে পারবে? লোকটি বলল, জী না।

কিছুক্ষণ পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ঝুড়ি খেজুর এনে বললেন, এগুলি নিয়ে দান করে দাও। লোকটি বলল, আমার চেয়ে বেশী গরীব মানুষকে হে আল্লাহর রসূল? আল্লাহর কসম! (মদীনার) দুই হার্রার মাঝে আমার পরিবার থেকে বেশী গরীব অন্য কোন পরিবার নেই! এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হেসে ফেললেন এবং তাতে তাঁর ছেদক দাঁত দেখা গেল। অতঃপর বললেন, তোমার পরিবারকেই তা খেতে দাও!

ফুটনোট

(বুখারী ১৯৩৬-১৯৩৭, মুসলিম ২৬৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64819

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন